

তারিখ
 পৃষ্ঠা-৩২... কলাম ... (৩)

দুর্নীতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা, শিক্ষার্থীদের কম্পিউটার শিখতে হবে ॥ শিক্ষা সপ্তাহের পুরস্কার বিতরণীতে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, দেশে মানসম্পন্ন শিক্ষা ও এর প্রসার এবং কাজ ও জীবিকা নিশ্চিত করার উপযোগী পরিবেশ সৃষ্টির লক্ষ্যে একটি সুপরিষ্কৃত শিক্ষা ব্যবস্থা অপরিহার্য। খবর বাসসর। বৃহস্পতিবার জাতীয় শিক্ষা সপ্তাহের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ডায়েকনে বেগম জিয়া বলেন, জাতি শিক্ষার্থীদের অন্তর্নিহিত গুণাবলী জ্ঞাত, তাদের আর্থিক ও নৈতিক চেতনার বিকাশ এবং অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে সহায়ক শিক্ষার অভাব বোধ করছে। শিক্ষার নিম্নমান ও নিম্নহারের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, আমাদের প্রাতিষ্ঠানিক শিক্ষা জীবিকা ও কাজের নিশ্চয়তা দিতে পারছে না। প্রধানমন্ত্রী বলেন, ছাত্রছাত্রীদের অবশ্যই চাকরি পাওয়ার মতো দক্ষতা অর্জন, বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবিলা এবং যুগোপযোগী শিক্ষালাভে কম্পিউটার শিখতে হবে। দুর্নীতিমুক্ত পরিবেশ ছাড়া শিক্ষা প্রক্রিয়ায় গতি আনা যাবে না উল্লেখ করে বেগম জিয়া বলেন, তাঁর সরকার শিক্ষা ক্ষেত্রে দুর্নীতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে। তিনি বলেন, তাঁর সরকার শিক্ষার মান উন্নয়ন, মূল্যবোধ

প্রশিক্ষণদানের ওপর জোর দেন। প্রধানমন্ত্রী বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। বিজয়ীদের মধ্যে রয়েছে শিক্ষা প্রতিষ্ঠান, প্রধান শিক্ষক, শ্রেণী শিক্ষক, স্টাউট, গার্লস গাইড, স্টাউট শিক্ষক, স্টাউট দল, গার্লস গাইড দল এবং ছাত্রছাত্রী। শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক, শিক্ষা প্রতিমন্ত্রী এএনএম এহসানুল

বিগত আমলে পরীক্ষায় নকল ও প্রশ্নপত্র ফাঁসের ঘটনা জাতিতে হয়ে করেছে

হক, শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টু এবং শিক্ষা সচিব এম শহীদুল আলমও অনুষ্ঠানে বক্তৃতা করেন। পরীক্ষায় নকল ও প্রশ্নপত্র ফাঁসকে জঘন্য ঘটনা হিসাবে বর্ণনা করে বেগম জিয়া বলেন, বিগত আমলের এসব ঘটনা জাতি হিসাবে আমাদের হয়ে করেছে। তিনি যে কোন মূল্যে পরীক্ষায় নকল এবং প্রশ্নপত্র ফাঁস বন্ধের আহ্বান জানান। প্রধানমন্ত্রী বিভিন্ন দেশে অর্থনৈতিক, সামাজিক, (২- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

জ্ঞাত, শিক্ষাসনে অনুকূল পরিবেশ সৃষ্টি শিক্ষা প্রশাসনে জবাবদিহিতা ও মনিটরিং নিশ্চিত এবং দায়িত্বশীল ও নিবেদিতপ্রাণ শিক্ষক গড়ে তোলার সহায়ক শিক্ষা ব্যবস্থা প্রবর্তনে আহ্বান। প্রধানমন্ত্রী শিক্ষা ব্যবস্থাকে যুগোপযোগী করার এবং বিজ্ঞান ও লাগসই প্রযুক্তিসহ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রসারের লক্ষ্যে কারিকুলামে নৈতিকতার বিষয়ে প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। শিক্ষকরা যাতে ছাত্রছাত্রীদের যথার্থ শিক্ষায় শিক্ষিত করতে পারে সে লক্ষ্যে তিনি শিক্ষকদের উপযুক্ত



জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০২ উপলক্ষে প্রতিযোগিতায় পুরস্কারপ্রাপ্ত ছাত্রছাত্রীদের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া পুরস্কার প্রদান করেন

দুর্নীতির বিরুদ্ধে কঠোর

(১২-এর পাতার পর)
 প্রশাসনিক ও রাজনৈতিক সংস্কারের মাধ্যমে সূচিত বিশ্বায়ন প্রক্রিয়ার গুরুত্ব সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে স্মরণ করিয়ে দেন। শিক্ষা ব্যবস্থায় তথ্যপ্রযুক্তির নতুন মাত্রা প্রসঙ্গে বেগম জিয়া বলেন, তাঁর সরকার বর্তমান শিক্ষাক্রমে কম্পিউটার মুক্ত করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। শিক্ষার্থীদের জন্য সাম্প্রতিক পদক্ষেপের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, তাঁর নতুন সরকার সারা দেশে মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ১০ হাজার কম্পিউটার প্রদান করছে। বিদেশে চাকরি পাওয়ার সুযোগ গ্রহণে বিদেশী ভাষা শেখার প্রয়োজনের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, তাঁর সরকার চীনা, জাপানী, ফরাসী, আরবী, জার্মান ও ইংরেজী ভাষা শিক্ষাদানের লক্ষ্যে ৬টি বিভাগীয় সদরে ল্যাংগুয়েজ ল্যাবরেটরি স্থাপনের কাজও শুরু করেছে। তিনি প্রাথমিক স্তরের প্রতিটি ছাত্রের জন্য মাসে ১০০ টাকা প্রদান এবং বেসরকারী শিক্ষক ও কর্মচারীদের জন্য পেনশন স্কিম চালুসহ তাঁর সরকারের নেয়া বেশ কয়েকটি পদক্ষেপের উল্লেখ করেন।